

“আমরা সবাই রাজা — স্বাভাব্য, স্বরাজ, মুক্তি কোনোটাই কেন হচ্ছে না?”

বিশেষ বক্তৃতামালা



আয়োজনে — রবীন্দ্র মহাবিদ্যালয়

সহায়তায় — আই.কিউ.এ.সি., সাংস্কৃতিক উপসমিতি, আই-টি উপসমিতি

তারিখ ও সময় : ১৫ই আগস্ট, রবিবার, সন্ধ্যা ৮টা ৩০মিনিট

Freedom অর্থে স্বরাজ, স্বাধীনতা, স্বাভাব্য বা মুক্তি বিভিন্ন প্রসঙ্গে ব্যবহৃত হলেও এই শব্দ চতুষ্টয়ের দ্যোতনা পৃথক। গান্ধীজির স্বরাজ-ভাবনা যেমন আচার্য কৃষ্ণচন্দ্রের স্বরাজ-চিন্তনের সমান্তরাল নয়, তেমনই স্বাধীনতা-সংগ্রামীদের মূল লক্ষ্য যে স্বাধীনতা, সেও একই বন্ধনীতে অন্তর্ভুক্ত হওয়ার অনুপযুক্ত।

বিদেশি শাসন থেকে মুক্তির সঙ্গে সঙ্গে আপনাপন ইন্দ্রিয়-দাসত্বের শৃঙ্খল থেকে মুক্ত হওয়া বা ছুটকারা পাওয়া যেমন গান্ধীর স্বরাজ-ভাবনার মধ্যেই নির্মিত, এই পথে স্বাধীনতা অর্জনের কল্পনা অনেকের পক্ষেই দুরূহ।

বর্তমান বিশ্বে অর্থ-প্রতিপত্তি-ক্ষমতার সীমাহীন আকর্ষণে আপামর জনের যে নিরবচ্ছিন্ন সংগ্রাম, তাঁর সঙ্গে গান্ধী-রবীন্দ্রনাথ-বিবেকানন্দের স্বরাজ বা স্বাধীনতার আদর্শের কোনো সাযুজ্যই নেই।

সুতরাং আজ এই প্রশ্ন ওঠা স্বাভাবিক যে, আমরা কি তাহলে চির-দাসত্ব বন্ধনেই আবদ্ধ ও আসক্ত?

তাই ঐ আপাত-সহজ গানটি আমাদের ভাবনার ভবনের ভিত্তিতে গিয়ে আঘাত হানে ...

“আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে”

অনুষ্ঠানে যোগদানে রেজিস্ট্রেশন লিংক : <https://forms.gle/UZZBu9C3rYAv51YC7>

অনুষ্ঠানটি শোনার জন্য ক্লিক করুন : <https://youtu.be/tPOuO5JpGrc>

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য হোয়াটসঅপ গ্রুপের লিংক :

<https://chat.whatsapp.com/FB4wQ8T4KRbKuNEvXuJkpH>



আলোচক

অধ্যাপক অরিন্দম চক্রবর্তী
দর্শন বিভাগ, হাওয়াই বিশ্ববিদ্যালয়



সভামুখ্য
অধ্যাপিকা বাণী বসু
সাহিত্যিক



আলোচনায়
অধ্যাপক প্রবাল দাশগুপ্ত
ভাষাতত্ত্ববিদ